# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 27-04-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার অপরাধী ও ষড়যন্ত্রকারীদের সমুচিত জবাব দেওয়া হবে। আকাশবাণীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাতে আজ তিনি বলেন, সন্ত্রাসবাদ মোকাবিলায় গোটা বিশ্ব রয়েছে ভারতের পাশে।

২) প্রাকৃতিক বিপর্যয় সম্পর্কে আভাস পেতে প্রধানমন্ত্রী সচেত অ্যাপ ব্যবহারের পরামর্শ দিয়েছেন।

৩) জাতীয় তদন্তকারী সংস্থা এন আই এ, আজ কাশ্মীরে নিহত পর্যটক বিতান অধীকারির বাড়িতে যায়।

৪) কলকাতা হাইকোর্টে আগামীকাল ২০১৬ সালের প্রাথমিকে ৩২ হাজার চাকরির বাতিল সংক্রান্ত মামলার শুনানি।

৫) অক্ষয়তৃতীয়ার দিন দীঘার জগন্নাথ মন্দিরের দ্বারোদ্ঘাটন । উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। আমন্ত্রণ জানানো হয়েছে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে।

৬) সর্বত্র বৃষ্টির সম্ভাবনা বৃদ্ধি পাওয়ায় রাজ্যবাসী তাপপ্রবাহের হাত থেকে আপাতত স্বস্তি পেতে চলেছে ।

০০০০০০০০০০০০০০০০০০০

পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার অপরাধী ও ষড়োযন্ত্রকারীদের সমুচিত জবাব দেওয়া হবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। আকাশবাণীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাতের **১২১**-তম পর্বে প্রধানমন্ত্রী আজ বলেছেন, এই ঘটনা দেশবাসীকে ব্যথিত করেছে। কাশ্মীর উপত্যকায় শান্তি ফিরে আসার পাশাপাশি গণতন্ত্র সুদৃঢ় হওয়ায় মানুষের মনে আস্থাও বৃদ্ধি পেয়েছে। কিন্তু শত্রুরা এই পরিস্থিতি বদলে দিতে চাইছে। তারা কাশ্মীরের ক্ষতি করতে বদ্ধপরিকর।

(বাইট)

তিনি বলেন, বিশ্বের মানুষ রয়েছে ভারতের পাশে। যেকোনো ধরণের হামলা ভারত সমবেতভাবে প্রতিহত করবে।

দেশের যুব সম্প্রদায়ের প্রতিভা গোটা বিশ্বের নজর কেড়েছে। বিজ্ঞান প্রযুক্তি বিদ্যা এবং সৃজনশীলতায় তাদের অবদান, ভারতকে ভবিষ্যতের দিশা দেখাচ্ছে।

বিপর্যয় ব্যবস্থাপনায় ভারত আজ অনেক দূর এগিয়েছে। মোবাইল ফোনে সচেত অ্যাপের মাধ্যমে সাধারণ মানুষকে প্রাকৃতিক বিপর্যয় সম্পর্কে সচেতন করে দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন দাবানল, সাইক্লোন,বজ্রপাত,ঝড়ের মত বিপর্যয় থেকে এই বিশেষ অ্যাপ মানুষকে সুরক্ষিত করছে।

(বাইট)

শ্রী মোদী বলেন, মহাকাশ গবেষণায় ভারত এখন গোটা বিশ্বের প্রশংসা পাচ্ছে। ৫০ বছর আগে এই এপ্রিল মাসেই ভারত তার প্রথম উপগ্রহ আর্যভট্ট সাফল্যের সঙ্গে

মহাকাশে উৎক্ষেপণ করে। উৎসাহ এবং উদ্দীপনাকে সম্বল করে মহাকাশ গবেষণার পথ চলতে চলতে ভারত এক্ষেত্রে আজ বিশ্বের একটি শক্তিশালী দেশ হয়ে উঠেছে।

বসুধৈব কুটুম্বকমের মন্ত্রে দীক্ষিত ভারত, মায়ানমারের ভয়াবহ ভূমিকম্পের সময় ওই প্রতিবেশী দেশের দিকে সার্বিকভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে বলে শ্রী মোদী জানান।

৫-ই জুন বিশ্ব পরিবেশ দিবসে এক পেড় মা-কে নাম অভিযানের এক বছর পূর্ণ হবে। এই অভিযানে ১৪০ কোটি গাছ লাগানো হয়েছে। ভারতের এই উদ্যোগ পরিবেশ রক্ষার সচেতনতা বৃদ্ধিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। এর ফলে ভারতের বিভিন্ন জায়গা দূষণ থেকে মুক্ত হচ্ছে এবং বিশ্ব উষ্ণায়নের বিরুদ্ধে লড়াই চালাতে দেশবাসী এগিয়ে আসছেন।

(বাইট)

মুর্শিদাবাদের জঙ্গীপুরের ম্যানেজমেন্ট ডেভলপমেন্ট ইনস্টিটিউটেরসমাবর্তনে যোগ দিতে এসে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার মন-কি-বাতের সরাসরি সম্প্রচারে যোগ দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কাশ্মীরের পহেলগাঁতে গত ২২ শে এপ্রিল জঙ্গী হামলার ঘটনার তদন্তে জাতীয় তদন্তকারী সংস্থা-এনআইএ আজ নিহত পর্যটক বিতান অধিকারীর পাটুলির বাড়িতে যায়। তাঁর স্ত্রীর বয়ান রেকর্ড করা হয়।

গতকাল বেহালার সখেরবাজারে আরেক নিহত পর্যটক সমীর গুহর বাড়িতে যায় এন আই এ আধিকারিকরা। কথা বলেন তাঁর স্ত্রী ও কন্যার সঙ্গে।

উল্লেখ্য ঐ জঙ্গী হামলায় নিহত ২৬ জনের মধ্যে এরাজ্যের তিনজন রয়েছেন।

oooooooooooooooooooooooo

বিজেপি-র রাজ্য সভাপতি ডক্টর সুকান্ত মজুমদার বলেছেন, কাশ্মীরের পরিস্থিতির সঙ্গে মুর্শিদাবাদের অনেকাংশে মিল আছে। মুর্শিদাবাদে এক শিক্ষা প্রতিষ্ঠানের সমাবর্তন অনুষ্ঠানে যোগদানের পর তিনি বলেন, সামশেরগঞ্জে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনের জেরে হিংসায় পিতা ও পুত্র – হরগোবিন্দ দাস ও চন্দন দাসের খুনের ঘটনায় গ্রেফতার সকলেই স্থানীয়। মুখ্যমন্ত্রীর বহিরাগত তত্ব তিনি খারিজ করে দেন।

অন্যদিকে, দীঘায় জগন্নাথ মন্দির সহ নানা প্রসঙ্গে তিনি মুখ্যমন্ত্রীর সমালোচনা করেন।

oooooooooooooooooooooooo

হাওড়ার বিগার্ডেন এলাকার নাগরিকরা আজ কাশ্মীরের পহেলগাঁও-এর বৈসরন উপত্যকায় নীরিহ পর্যটকদের ওপর পাকিস্তানের জঙ্গি হামলার তীব্র নিন্দা করে শোকজ্ঞাপন করেন। বি-গার্ডেন রোড ডেলি ওয়ার্কার্স অ্যাসোসিয়েশন, বি-গার্ডেন মণিশী স্মরণ কমিটি এবং বি-গার্ডেন সিটিজেন্স ফর জাস্টিস আয়োজিত- এই শোক মিছিল IIEST-র ফাস্ট গেট থেকে বি-গার্ডেনের মেন গেট পর্যন্ত যান। তারা কাশ্মীরের সমস্ত নাগরিকের নিরাপত্তা সুনিশ্চিত করার পাশাপাশি জঙ্গি সংগঠনের কঠোর শাস্তির দাবি করেন।

oooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, কাশ্মীরে সাম্প্রতিক জঙ্গি হানার কড়া পদক্ষেপের দাবি জানিয়েছেন। এক্স হ্যান্ডলে তিনি লেখেন, কেন্দ্রীয় সরকার নিরাপত্তার গলদের বিষয়ে তদন্ত না করে একটি বিশেষ রাজনৈতিক দলের সুবিধার্থে ঘটনাটিকে ব্যবহার করছে।

oooooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্টে আগামীকাল ২০১৬ সালের প্রাথমিকের ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি। বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে মামলার শুনানি হবে। সুপ্রিমকোর্ট ২০১৬ সালেই স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নিযুক্ত প্রায় ২৬ হাজার  শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিলের নির্দেশ দেওয়ার পর থেকে উদবেগে রয়েছেন প্রাথমিকের কর্মরত শিক্ষক শিক্ষিকারা।

উল্লেখ্য এপটিটিউড টেস্ট না নেওয়া, ওএমআর জালিয়াতি, সংরক্ষণের নীতি না মানা, র‍্যাঙ্ক জাম্প-এর মত একাধিক অভিযোগে এই মামলা দায়ের হয়েছিল। ২০২৩-এবিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ৩২ হাজার চাকরি বাতিলের নির্দেশও দিয়েছিলেন। যদিও ডিভিশন বেঞ্চ সেই নির্দেশে স্থগিতাদেশ দেয়।

oooooooooooooooooooooooo

চাকরিহারা শিক্ষাকর্মীদের অনশন আজ ষষ্ঠ দিনে পড়ল। যোগ্য ও অযোগ্যদের তালিকা প্রকাশ না করলে ও চাকরিতে পুনর্বহাল না করলে অনশন প্রত্যাহার করা হবে না বলে জানিয়েছেন গ্রুপ সি ও গ্রুপ ডি শিক্ষাকর্মীরা। গত সোমবার থেকে মধ্যশিক্ষা পর্ষদের অফিসের সামনে ধর্না ও অনশন চালাচ্ছেন চার শিক্ষাকর্মী। অন্যদিকে, আগামীকাল হাজরা মোড় থেকে কালীঘাট পর্যন্ত মিছিলের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষকদের একটি অংশ।

উল্লেখ্য, গতকাল শিক্ষাকর্মীদের প্রতিনিধিদলের সঙ্গে নবান্নে বৈঠক করেন মুখ্যসচিব মনোজ পন্থ। বৈঠকে ফোনে শিক্ষাকর্মীদের সঙ্গে কথা বলে মুখ্যমন্ত্রী প্রস্তাব দেন, যতদিন না রায় পুনর্বিবেচনার মামলার নিষ্পত্তি হচ্ছে ততদিন গ্রুপ সি শিক্ষা

কর্মীদের মাসে ২৫ হাজার টাকা ও গ্রুপ ডি শিক্ষা কর্মীদের মাসে কুড়ি হাজার টাকা আর্থিক সাহায্য দেওয়া হবে।

আন্দোলনকারীদের তরফে সুজয় সর্দার বলেন, সরকার তালিকা প্রকাশ করতে চাইছে না। এছাড়া আর্থিক সাহায্য কারা, কত দিন পাবেন সে ব্যাপারে সরকার নির্দিষ্টভাবে না জানালে তারা তা নেবেন না।

oooooooooooooooooooooo

অক্ষয় তৃতীয়ার পুণ্য তিথিতে আগামী বুধবার দিঘার জগন্নাথ মন্দিরের দ্বারোদ্ঘাটন। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। ওইদিন জগন্নাথ দেবের প্রাণ প্রতিষ্ঠা হবে। মন্দির সহ চারপাশ আলোর মালায় সেজে উঠেছে। উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে ভিড় সামাল দিতে বাস পরিষেবা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

এদিকে, মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে আমন্ত্রণ জানানো হয়েছে। ফেসবুক বার্তায় বিরোধী দলনেতা বলেন, হিডকোর ভাইস চেয়ারম্যান এইচ কে দ্বিবেদী তাঁকে এই আমন্ত্রণ পত্র পাঠিয়েছেন। তবে শ্রী অধিকারী হিডকোর চেয়ারম্যানের কাছে জগন্নাথ ধামের বিষয়ে কয়েকটি প্রশ্নের উত্তর জানতে চেয়েছেন। যথাযথ উত্তর পেলে তবেই তিনি অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন বলে জানিয়েছেন।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার বাগদার মধুপুর সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশী পাচারকারীর মৃত্যু হয়েছে। কাফ সিরাপ নিয়ে পালানোর সময়

গতরাতে গোপালপুরের বাসিন্দা আব্দুল্লাহ মন্ডলকে এক বিএসএফ জওয়ান তাড়া করে। পালটা ধারালো অস্ত্র দিয়ে আব্দুল্লাহ আক্রমণ করলে আত্মরক্ষার্থে গুলি চালায় ওই জওয়ান। ঘটনাস্থলেই মৃত্যু হয় পাচারকারীর। আজ সকালে মৃত দেএটি বাগদা থানার পুলিশের হাতে তুলে দেয় বিএসএফ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দাবদাহ থেকে আপাতত স্বস্তি পেতে চলেছেন রাজ্যবাসী। আগামীকাল এবং পরবর্তী তিন চার দিন রাজ্যের সর্বত্র বৃষ্টির সম্ভাবনা বাড়ছে। পশ্চিমের জেলাগুলিতে উল্লেখযোগ্যভাবে তাপমাত্রা প্রায় পাঁচ ডিগ্রি নেমে যাবে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, দক্ষিণবঙ্গের সব জায়গাতেই আজ বিক্ষিপ্তভাবে বৃষ্টি হবে, তবে প্রভাব বেশি থাকবে পূর্বের জেলাগুলিতে। উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে দমকা হাওয়ার সঙ্গে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। কলকাতা ও সংলগ্ন এলাকাতেও আগামীকাল থেকে তাপমাত্রা ৩০ ডিগ্রির নিচে নেমে যাবে। আগামী ২৯ শে এপ্রিল পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

কলকাতায় আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ১ দশমিক চার ডিগ্রি কম।

সকালের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ দশমিক ৬ ডিগ্রি কম।

(বাইট – সৌরিশ)

০০০০০০০০০০০০০০০০০০০০